



নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১৬

তারিখ: ২৪ মে ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

### অফিস আদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের "ডেইরী আইকন সেলিব্রেশন" কার্যক্রমের আওতায় দেশের ৬১টি (৩টি পার্বত্য জেলা ব্যতীত) জেলা থেকে চারটি ক্যাটাগরিতে (ডেইরী, দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, পশু খাদ্য প্রস্তুত ও খামার যান্ত্রিকীকরণ) ডেইরী আইকন নির্বাচনের জন্য নিম্নবৃত্তভাবে জেলা কমিটি গঠন করা হলো:

ক্র.সং.	জেলার নাম	সভাপতি
১	জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা	সভাপতি
২	উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন, সংশ্লিষ্ট জেলা	সদস্য
৩	জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	সদস্য
৪	জেলা সমবায় কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	সদস্য
৫	সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সংশ্লিষ্ট জেলা	সদস্য
৬	সভাপতি, জেলা ডেইরী ফার্মার্স এসোসিয়েশন, সংশ্লিষ্ট জেলা	সদস্য
৭	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	সদস্য-সচিব

#### কমিটির কার্যপরিধিঃ

- (১) কমিটি সংশ্লিষ্ট জেলা থেকে (ক) ডেইরী, (খ) দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, (গ) পশুখাদ্য প্রস্তুত ও (ঘ) খামার যান্ত্রিকীকরণ খাতে বিশেষ অবদান রাখছেন এরূপ খামার, উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের মধ্য থেকে প্রতি ক্যাটাগরিতে এক জন খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে আইকন হিসেবে মোট চার জনকে নির্ধারিত মানদণ্ড অনুসারে প্রাথমিকভাবে বাছাই করবে;
- (২) ডেইরী আইকন নির্বাচনের ক্ষেত্রে প্রাণীর স্বাস্থ্য, দুগ্ধ উৎপাদন দক্ষতা/পণ্যের মান, খামার ব্যবস্থাপনা, আর্থিক লাভ, সমাজ ও সংশ্লিষ্ট শিল্প ক্ষেত্রে তার ধারাবাহিক ৫ বছরের অবদানকে প্রাধান্য দিবে;
- (৩) নির্বাচিত খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান বা প্রধানের নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, এনআইডি, মোবাইল নং এবং কি বৈশিষ্ট্যের ভিত্তিতে তাকে নির্বাচন করা হয়েছে তা উল্লেখ করে কমিটির সভাপতি ও সদস্য-সচিব কর্তৃক স্বাক্ষরিত একটি তালিকা কেন্দ্রীয় কমিটি বরাবরে প্রেরণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

৭-৪-২০২২

মোহাম্মদ হাবীবুর রহমান  
মুদ্রসচিব (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: +৮৮০২২২৩৩৮৫৭৭৫

নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১৬/১(১০)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮  
০৭ এপ্রিল ২০২২

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) মন্ত্রিপরিষদ সচিব (রুটিন দায়িত্ব), মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
- ২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৩) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৪) জেলা প্রশাসক, ----- জেলা।
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা মৎস্য কর্মকর্তা/উপপরিচালক, কৃত্রিম প্রজনন, ----- জেলা।
- ৭) জেলা সমবায় কর্মকর্তা, ----- জেলা।
- ৮) সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ----- জেলা।
- ৯) সভাপতি, জেলা ডেইরী ফার্মার্স এসোসিয়েশন, ----- জেলা।
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৭-৪-২০২২

মোহাম্মদ হাবীবুর রহমান  
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)